



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd



নং- এসএসসি রেজিঃ/২০২১/৩৪০

তারিখঃ ২৮/১২/২০২১ খ্রিঃ

## জরুরী বিজ্ঞপ্তি

বিষয় : ২০২১ সালে ১০ম শ্রেণিতে অধ্যয়নরত রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের ছবি ও অন্যান্য তথ্য সংশোধন এবং বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০২১ সালের ১০ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম ইতিপূর্বে শেষ হয়েছে। কোভিড-১৯ অতিমারীর কারণে যে সকল শিক্ষার্থী এ পর্যন্ত রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে পারেনি সে সকল শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনে বিভাগ, বিষয় ও ছবি সংশোধন এবং বাদপড়া শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে পারবে।

উল্লিখিত কাজসমূহ ভুল হয়ে থাকলে আগামী ০৩/০১/২০২২ ইং তারিখ হতে ১৩/০১/২০২২ তারিখের মধ্যে অনলাইনে সংশোধন (নির্ধারিত খাতে সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিতে হবে) করতে হবে। নিম্নে ফি-এর হার দেয়া হলো।

- (১) শিক্ষার্থী প্রতি বিভাগ পরিবর্তন : ১০০০/-
- (২) শিক্ষার্থী প্রতি বিষয় পরিবর্তন : ৫০০/-
- (৩) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি : ৩৫৩/-

উল্লেখ্য, বর্ণিত তারিখের পর আর সংশোধন/ রেজিস্ট্রেশন করার সুযোগ থাকবে না। নির্দিষ্ট সময়ের মধ্যে সংশোধন/ রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন না হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে  
স্বাঃ

(ড. মোঃ দিদারুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

মেমো নং- ৩৪০(৭)

তারিখঃ ২৮/১২/২০২১ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
২. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৩. উপ-পরিচালক (হিঃ ও নিঃ), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪. উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৫. পি এস-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৬. সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ। (পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ অনুরোধ সহ)
৭. অফিস কপি।

*Didarul Islam*  
28.12.2021  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।